অবিভক্ত বঙ্গের ও পূর্ববঙ্গের বাঙালি মুসলিম নারীর রচনায় নারীমুক্তি ও সমাজ প্রগতি আন্দোলন (১৯০৫-১৯৭১)

প্রস্তাবিত গবেষণার সংক্ষিপ্তসার

গবেষক : শর্মিষ্ঠা বর্মন

রেজিস্ট্রেশন নং- A00BE1200315, রেজিস্ট্রেশন তারিখ : ২৮.০৭. ২০১৫

তত্ত্বাবধায়ক: ড. পায়েল বসু

সহ অধ্যাপক, বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

২০২২

অবিভক্ত বঙ্গের ও পূর্ববঙ্গের বাঙালি মুসলিম নারীর রচনায় নারীমুক্তি ও সমাজ প্রগতি আন্দোলন (১৯০৫-১৯৭১)

ভূমিকা

গবেষণার সময়কাল ১৯০৫ থেকে ১৯৭১। বৃটিশের বিরুদ্ধে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন থেকে পূর্ববঙ্গের স্বাধীনতা আন্দোলন ও স্বাধীনতা লাভ। এই সময়ের অভিঘাত বাঙালি মুসলিম নারীর রচনায় কিভাবে ধরা দিয়েছে তা খুঁজতে চাওয়া হয়েছে। ১৯০৫ সালের স্বদেশী আন্দোলন থেকে যে নারী ঘর থেকে বেরুতে শুরু করলেন সেই নারীর কাছে ১৯৭১ এর মুক্তিযুদ্ধে ঘর ও বাহির সমান হয়ে গেল। পাকিস্তানী সামরিক শাসনের বিরুদ্ধে নারী সচেতন ভাবে লড়াই করেছে। আর যারা সচেতনও ছিলো না, অন্তঃপুরেই বন্দী ছিলো, তারাও ঘাতক বাহিনীর অত্যাচারে বাধ্য হয়েছে— নদী, মাঠ, ঘাট, রাস্তায় ঠাঁই নিতে। 'বীরাঙ্গনা' হয়ে জাতির সামনে অনুপ্রেরণা হয়ে দাঁড়িয়েছে সে। নারীর এই যাত্রাপথ ধরতে চাওয়া হয়েছে বর্তমান গবেষণায়। এই যাত্রাপথে রাজনৈতিক উত্থান পতনের সাথে নানান সামাজিক রাজনৈতিক সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাক্ষী থেকেছে সে। এই কর্মকাণ্ড দীর্ঘ দিনের পুরুষতন্ত্র কর্তৃক নারীদের উপর চাপিয়ে দেওয়া অন্যায় নীতির বিরুদ্ধে। এই কর্মকাণ্ড নারীর নিজস্ব সংস্কার ভাঙার তাগিদে। এই কর্মপ্রচেষ্টায় সমাজের এবং নারীর নিজস্ব জগতের পরিবর্তন হয়েছে ক্রমশ। তাই দেখতে পাই বিশ শতকের প্রথমার্ধে এদের রচনায় যে বিষয়গুলো প্রধানত স্থান পেয়েছে, বিশ শতকের দ্বিতীয়ার্ধে তা পরিবর্তন হয়েছে। প্রথম শতকে অবরোধ প্রথা, বহু বিবাহ, তালাক প্রথার কুফল, নারী শিক্ষা, নারীর ভোটাধিকার, নারীর মর্যাদা, বিধবা বিবাহের প্রয়োজনীয়তা এগুলি স্থান পেয়েছে তাদের রচনায়। স্থান পেয়েছে বৃটিশ বিরোধী স্বদেশী আন্দোলনের নানা ঘটনাক্রম। দ্বিতীয় অর্ধে মুসলিম নারীর রচনায় দেশ ভাগের অভিঘাত, ভাষা আন্দোলন, সামরিক শাসন, মৌলবাদ, মুক্তিযুদ্ধের নানান দিক ধরা পড়েছে। এই যাত্রাপথে প্রথম মাইল স্টোনের মতন দাঁড়িয়ে আছেন বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন (১৮৮০-

১৯৩২)। ঘটনাক্রমে তাঁর *মতিচূর* প্রথম খণ্ড ও *SULTANA'S DREAM* প্রকাশিত হয় ১৯০৫ সালে। তিনি আজীবন সংগ্রাম করে যে ভিত গেঁথে দিয়েছেন তাঁর উপরে দাঁড়িয়ে আছে মুসলিম নারীর মুক্তিপথ। শুধু মুসলিম নারী নয়, আধুনিক নারীমুক্তি আন্দোলনে তিনি এক উজ্জ্বল আলোকশিখা। তাঁর সমসাময়িক নারীদের কাছে তিনি ছিলেন অনুপ্রেরণা। তিনি যাঁদের নিজের হাতে গড়েছিলেন তাঁরা আজীবন তাঁকেই পাথেয় করে এগিয়েছেন ব্যক্তিগত জীবনে এবং সামাজিক আন্দোলনেও। আজকে নারীমুক্তি আন্দোলনের ভিত্তি অনেকাংশেই রোকেয়ার দেখানো পথে। অধ্যায় বিভাজনের ক্ষেত্রে রোকেয়ার স্থান তাই অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি একটা যুগের প্রতীক। তিনি সেই সাথে সেই যুগেরই অনেক আলোক কণার সমাহার। তাঁর আগে এমন কয়েকজন বাঙালি মুসলমান নারী বাংলাদেশে জন্মেছিলেন যাঁরা নারীদের প্রতি প্রচলিত সমাজ ব্যবস্থার অন্যায় আচরণগুলির প্রতিকারে সামিল হয়েছেন; কলম ধরেছেন। শুধু মুসলমান নারী নয়, তার আগে থেকেই সমাজ পরিবেশের মোড় এমন দিকে যাচ্ছিল যে হিন্দু, খ্রীষ্টান, ব্রাহ্ম পরিবারের মেয়েরা অন্ধকার অবরোধের দ্বার ঠেলে আলোর সন্ধান করছেন, শিক্ষিত হওয়ার প্রচেষ্টা করছেন। উনিশ শতকের শুরু থেকে সামন্ততান্ত্রিক চিন্তার দৈবী প্রভাব সরিয়ে 'মানুষ' হিসাবে প্রতিষ্ঠা পাওয়ার যে পর্ব বাংলাদেশে শুরু হয়েছিল তার সর্বশ্রেষ্ঠ কারিগর ছিলেন রামমোহন(১৭৭২-১৮৩৩), বিদ্যাসাগর(১৮২০-১৮৯১)। আধুনিক জ্ঞান বিজ্ঞান নির্ভর শিক্ষার মাধ্যমে মানুষকে যুক্তি ভিত্তিক 'মানুষ' করতে চেয়েছিলেন তাঁরা। তাঁদের হাত ধরেই নারীকে 'মানুষ' হিসাবে গণ্য করার প্রক্রিয়া শুরু হয় এদেশে। যদিও মুসলমান সমাজে আধুনিক চিন্তার আলোকে আধুনিক শিক্ষা গ্রহণের উপযোগিতা শুরু হয় প্রায় অর্ধ শতাব্দী পরে। নারীমুক্তিকেন্দ্রিক চিন্তা আসে আরও পরে। কিন্তু শেষপর্যন্ত সে চিন্তা আসেই। বাঙালি মুসলমানের আধুনিক শিক্ষায় শিক্ষিত অংশই নারীশিক্ষা, নারীমুক্তির ভাবনাকে এগিয়ে নিয়ে যায়। উনিশ শতকের শেষের দিকে এই ভাবনা আরও সমৃদ্ধ হয়েছে। নারীরাও এক অদম্য প্রয়াসে পুরনো জ্বরাগ্রস্ত চিন্তার বিরুদ্ধে নিজের মননকে প্রস্তুত করেছে। এগিয়ে গেছে আধুনিক চিন্তার অভিমুখে। উনিশ শতকের প্রথম অর্ধে নারীর অবস্থান তার চিন্তা যা ছিল দ্বিতীয় অর্ধে তার কিছু পরিবর্তন হল। বিশ শতকে নারীর নিজস্ব মুক্তির ইতিহাসে অন্য এক দিগন্ত উন্মোচিত হল যার সূত্রপাত

হয়েছিল উনিশ শতকেই। আবহমান কালের ইতিহাসে নারীর এ এক ভিন্ন অবস্থান। এই সবটা মিলিয়ে অধ্যায় বিভাজনের দিকটিতে গুরুত্ব দেওয়া হয়েছে।

- ভূমিকা
- প্রথম অধ্যায়—

  সমাজ বিবর্তনের প্রেক্ষাপটে নারীর অবস্থান : বঙ্গভঙ্গ পূর্ববর্তী সময় পর্যন্ত।
- দ্বিতীয় অধ্যায়—

  রোকেয়া রচনায় সমাজচিন্তা ও নারীমুক্তি আন্দোলন (১৯০৫-১৯৩২)।
- তৃতীয় অধ্যায়—

  রোকেয়া সমসাময়িক বাঙালি মুসলিম নারীর রচনায় নারীমুক্তি ও সমাজ প্রগতি আন্দোলন।
- চতুর্থ অধ্যায়—

  রোকেয়া পরবর্তী বাঙালি মুসলিম নারীর রচনায় নারীমুক্তি ও সমাজ প্রগতি আন্দোলন(১৯৪৭ সাল পর্যন্ত সময়ে)।
- পঞ্চম অধ্যায়—

  ১৯৫২ র ভাষা আন্দোলন : বাঙালি মুসলিম নারীর রচনায়।
- ষষ্ঠ অধ্যায়—

  বাঙালি মুসলিম নারীর রচনায় পূর্ব বাংলার সমাজ প্রগতি ও নারীমুক্তি আন্দোলন (১৯৪৭-১৯৭০)।
- সপ্তম অধ্যায়—

  বাংলাদেশের মুক্তিযুদ্ধে নারীর অবস্থান : বাঙালি মুসলিম নারীর রচনায়।
- উপসংহার

গবেষণার পদ্ধতি

গবেষণার বিষয় 'অবিভক্ত বঙ্গ ও পূর্ববঙ্গের মুসলিম নারীর রচনায় নারীমুক্তি ও সমাজ প্রগতি আন্দোলন (১৯০৫-১৯৭১)'। ফলে এই সময়ের মধ্যে লিখিত গদ্য রচনা এবং ওই সময়ে অবস্থানকারী বাঙালি মুসলিম নারীর অভিজ্ঞতা নিয়ে স্মৃতিকথা গবেষণার কাজে ব্যবহৃত হয়েছে। তাই মূলত তা 'প্রাথমিক উপাদান' (প্রাইমারি সোর্স)। অনেক সময় এই প্রাথমিক উপাদান সংগ্রহ করতে সেকেন্ডারি সোর্সের সাহায্য নিতে হয়েছে। তবে ১৯০৫ থেকে ১৯৭১ সালের ঘটনা নিয়ে প্রকাশিত প্রাথমিক উপাদানের সমস্ত উপাদানও ব্যবহার করা সম্ভব হয়নি। মূলত চিঠি, প্রবন্ধ, স্মৃতিকথা, নক্সা জাতীয় গদ্য রচনা গবেষণার উপাদান হিসেবে ব্যবহৃত হয়েছে। গবেষণার ব্যাপ্তির কারণে উপন্যাস গল্পকে এখানে ব্যবহার করা যায়নি। একমাত্র রোকেয়ার *পদ্মরাগ* (১৯২৪) উপন্যাসটিকে ব্যবহার করা হয়েছে। কারণ, রোকেয়ার জীবন-সংগ্রাম ও সমাজ চিন্তার সমস্ত দিককে একীভূত করে এই উপন্যাস। তাই *পদ্মরাগ* উপন্যাস গবেষণারও অন্যতম বিষয়। এবং তার সাথে রোকেয়ার স্বদেশ চিন্তার বিষয়টি বুঝবার জন্য দু একটি গল্পকে গবেষণার কাজে ব্যবহার করা হয়েছে। এছাড়াও স্মৃতিকথার ক্ষেত্রেও সমস্ত উপাদান ব্যবহার করা সম্ভব হয় নি। বিশেষ করে মুক্তিযুদ্ধের স্মৃতিকথা, স্মৃতিচারণা। মুক্তিযুদ্ধের লক্ষ লক্ষ শহীদের স্মৃতিতে ভরা আছে পূর্ববঙ্গের সাহিত্য। একটি অধ্যায়ে তার খুবই নগণ্য অংশকে গ্রহণ করা গেছে। ১৯৪৭ সালের পর থেকে গবেষণার অভিমুখ দুই বাংলার পরিবর্তে পূর্ববঙ্গের মুসলিম নারীর রচনা কেন্দ্রিক করা হয়েছে। দেশভাগের আগে যাঁদের ঠিকানা—কর্মক্ষেত্র, বাসস্থান কলকাতাতে কিম্বা পশ্চিমবঙ্গে ছিল তাঁদের ঠিকানা হয়ে যায় পূর্ববঙ্গ। ফলে তাঁদের রচনার বিষয়বস্তু স্বাভাবিক ভাবেই পূর্ববঙ্গের নিরিখে। তাই বর্তমান গবেষণা ১৯৪৭ সালের পর থেকে পূর্ববঙ্গ অভিমুখী হয়েছে। তবে ১৯৪৭ সালের দেশভাগের পরও যে মুসলিম বাঙালি নারীরা পশ্চিমবঙ্গে থেকে গিয়েছিলেন এবং এখানকার সামাজিক-রাজনৈতিক পরিস্থিতি নিয়ে, নারী কেন্দ্রিক সমস্যা নিয়ে আন্দোলন করেছেন লেখালিখি করেছেন, তাঁদের রচনা নিয়ে বৃহত্তর গবেষণার সম্ভাবনা খোলা থাকল। এছাড়াও অনেক বাঙালি মুসলিম নারীর রচনাকে গবেষকের ইচ্ছা সত্ত্বেও গ্রহণ করা যায়নি। তাঁদের মধ্যে

লায়লা সামাদ(১৯২৮-১৯৮৯), মেহেরুন্নেসা(১৯৪২-১৯৭১), সেলিনা পারভিন(১৯৩১-১৯৭১) অন্যতম। এঁরা নিজেরা ছিলেন লেখক। ছিলেন পূর্ববঙ্গের তৎকালীন ঘটনাপ্রবাহের সাক্ষী। ভবিষ্যতে এঁদের লেখা সংগ্রহ ও গবেষণার ইচ্ছা রইল। বাঙালি মুসলমান নারীর সামাজিক রাজনৈতিক সাংস্কৃতিক জগতে সামগ্রিক অংশগ্রহণ সম্বন্ধে এক বৃহৎ গবেষণা ক্ষেত্র অধরা আছে। সে সম্বন্ধে অনুসন্ধানের আশা রইল।

প্রথম অধ্যায়

সমাজ বিবর্তনের প্রেক্ষাপটে নারীর অবস্থান : বঙ্গভঙ্গ পূর্ববর্তী সময় পর্যন্ত

প্রথম অধ্যায়ের শিরোনাম সমাজ বিবর্তনের প্রেক্ষাপটে নারীর অবস্থান : বঙ্গভঙ্গ পূর্ববর্তী সময় পর্যন্ত। যে প্রেক্ষাপট ধরতে গিয়ে নারীর বন্দী দশার বেদনাময় দলিলকে আলোচনা করা হয়েছে। প্রথমে বৈদিক যুগে, পরে মধ্যযুগে ধর্মাচরণেও তার বন্দী দশার সামাজিক স্বীকৃতি এতটাই দৃঢ় হয়েছে যাকে স্বয়ং নারীও অনুসরণ করেছে এবং আজও করে চলেছে। ইতিমধ্যে সমাজ বিবর্তনের বহু পর্যায়ে বহু আলোড়নের মধ্য দিয়ে যুগান্তকারী অনেক চিন্তার উদ্ভব হয়েছে। সমাজ পরিবর্তনে তা উল্লেখযোগ্য ভূমিকাও রেখেছে। কিন্তু সেখানেও নারীমুক্তিকে যথাযথ ভাবে স্বীকৃতি দেওয়া হয়নি। পরে মধ্যযুগ অতিক্রম করে এসেছে নবজাগরণের আধুনিক চিন্তা। বাঙ্গলায় এই চিন্তার প্রভাবে নারীমুক্তির প্রেক্ষপটটি সূচিত হয়। রামমোহন বিদ্যাসাগরের হাত ধরে নারীমুক্তির আলো প্রবেশ করে হিন্দু সমাজের অন্তঃপুরে। যদিও সে আলো মুসলিম সমাজের অবরোধ অতিক্রম করে তার অন্দরমহলে প্রবেশ করতে পেরেছে অনেক পরে। এই সময় একদল মানুষ এগিয়ে এসেছিলেন আধুনিক যুগের আলো নিয়ে। এই পরিস্থিতিতে মুসলিম সমাজের অন্দরমহলে আধুনিক চিন্তাকে চর্চার আকুতি দেখা দিয়েছে। একদল মুসলিম নারী সেই সংগ্রামের পথে পথচলা শুরু করেছেন। তাহেরুন্নেসা, নবাব ফয়জুন্নেসা(১৮৩৪-১৯০৩), করিমুন্নেসার(১৮৫৫-১৯২৬) মত আলোকপ্রাপ্তা নারীরা বাংলা ভাষা চর্চা ও তাতেই সাহিত্য রচনার মধ্যদিয়ে নতুন চিন্তা নিয়ে আত্মপ্রকাশ করেছিলেন। যে পথে তাঁরা যাত্রা শুরু করেছেন, সেই পথের জন্য তাদের অনেক মূল্য দিতে হয়েছে। বহু দিনের সংস্কার

ভেঙে ফেলার এই সংগ্রামের পথ সহজ ছিল না। তবুও তারা পথ ছেড়ে দেননি। সেই পথেই তাদের পরবর্তীরা হেঁটে এসে দাঁড়িয়েছেন বঙ্গভঙ্গ বিরোধী রাজনৈতিক আন্দোলনে। যে নারীর সেদিনের লড়াই ছিল শুধু শিক্ষার অধিকার অর্জনের, বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে তার অবস্থান আরও উন্নত। সে এখন রাজনীতি সচেতন নারী। প্রথম অধ্যায়ে এই যাত্রা পথকেই তুলে ধরা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়

রোকেয়া রচনায় সমাজ চিন্তা ও নারীমুক্তি

বাঙালি নারী মুক্তি আন্দোলনের সর্বশ্রেষ্ঠ প্রতিনিধি বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন(১৮৮০-১৯৩২)। শুধু নারীমুক্তি আন্দোলন নয়, তৎকালীন সমাজ সংস্কারের যে প্রচেষ্টা চলছিল সে প্রচেষ্টার অংশীদার ছিলেন তিনি। এক বিপুল সম্ভাবনা নিয়ে ঘটেছিল তাঁর আত্মপ্রকাশ। সমাজের যে ভাবনাগুলি এবং যে যে ব্যবস্থা সমাজ প্রগতিকে আটকাচ্ছিল তার বিরুদ্ধে প্রতিবাদ করেছেন। তাঁর রচনার উদ্দেশ্য ছিল সমাজ সংস্কার। রোকেয়া রচনাগুলিকে ভিত্তি করে রোকেয়া রচনায় নারীমুক্তি ও প্রগতি ভাবনাকে খুঁজতে চাওয়া হয়েছে দ্বিতীয় অধ্যায়ে।

রোকেয়ার রচনায় নারী ও নারীমুক্তি

মেয়েদের মুক্তির ভাবনাকে নিয়ে কাজ করতে গিয়ে রোকেয়া দেখেছেন সমাজে নারীর নিদারুণ অবস্থাকে। তাঁর রচনায় দেখিয়েছেন – ধর্ম সম্প্রদায় নির্বিশেষে দেশের নারী সমাজ - পুরুষতন্ত্র, মোল্লা ও পুরোহিততন্ত্রের দ্বারা কতটা পরিমান নির্যাতিতা। *মতিচূর* (১৯০৫, ১৯২২) *পদ্মরাগ* (১৯২৪), *অবরোধ বাসিনী* (১৯৩১) তে তার বর্ণনা দিয়েছেন। বেগম রোকেয়া ভারতীয় সমাজে নারীর জন্য সৃষ্ট অবরোধের চরমতম কদর্যতাকে তুলে ধরে এর যুক্তিগ্রাহ্যতাকে প্রশ্নের সামনে দাঁড় করিয়েছেন।[১]

রোকেয়া নারীর দুঃখের কারণ হিসাবে শুধুমাত্র পুরুষতন্ত্রকে দায়ী করেন নি। দায়ী করেছেন নারী মনের দীর্ঘদিনের সংস্কারকে। তারা অন্যের অনুগ্রহ গ্রহণে সঙ্কোচ বোধ করে না। পুরুষের দাসত্ব করতে করতে তাদের মন পর্যন্ত দাস(enslaved) হয়ে

গেছে।[৩২]তিনি নারীর অলংকার প্রিয়তাকে তার মনুষ্যত্বের অবমাননা হিসাবে জ্ঞান করেছেন। যারা অলংকার প্রিয়তার মধ্যে দাস্যের ভাব খুঁজে পান না; সৌন্দর্যবর্ধনের উপায় মনে করেন তাদেরকেও নিন্দা করেছেন। সৌন্দর্যবর্ধনের প্রচেষ্টাও আসলে মানসিক দুর্বলতা। ঘরের কোণের ভীত সন্ত্রস্ত নারীমন দেখে তিনি ব্যথিত হয়েছেন।[৩] তিনি আবেদন করছেন মেয়েদের— তারা নিজের মনুষ্যত্বকে চিনুক। আর তা প্রতিষ্ঠা করার জন্য চাই মানসিক শক্তির সাথে শারীরিক সক্ষমতা। তিনি সে যুগে বলছেন— শারীরিক শিক্ষার জন্য লাঠি, ছোরা খেলা অভ্যাস করার প্রয়োজনীয়তার কথা।[৪]

আসলে রোকেয়া বাস্তব জীবনে যেমন সাহসী ও আত্মনির্ভরশীল ছিলেন তেমনি সাহস ও আত্মমর্যাদা সঞ্চার করতে চেয়েছিলেন নারীদের মধ্যে। তাঁর রচনা *Sultana's Dream* (১৯০৫) এ সেই বীর নারীদেরকেই আসলে খুঁজেছেন। *মতিচূর* ((১৯০৫, ১৯২৪), *পদ্মরাগে* এ ভাবনা বারবার উঠে এসেছে। মেয়েদের করতে চেয়েছেন আত্মনির্ভরশীল।[৫]

বেগম রোকেয়া ও সমাজ প্রগতি

রোকেয়ার জীবন নারীমুক্তির জন্য উৎসর্গীকৃত। কিন্তু তাঁর চিন্তা সমাজ বিচ্ছিন্ন নারীকেন্দ্রিক ছিল না। সমাজের তৎকালীন সমস্যা তাঁকে ভাবিয়েছে। দেখেছেন তৎকালীন ব্রিটিশ এবং ব্রিটিশের সাহায্যকারী এদেশীয় বিশ্বাসঘাতকদের দ্বারা নির্মম অত্যাচারের কাহিনি। *পদ্মরাগ* উপন্যাসে এই দিকটি ধরা পড়ে। 'চাষার দুঃখ'(১৯২১) 'এন্ডি শিল্প'(১৯২১) প্রবন্ধে ধরা পড়ে কৃষকের সীমাহীন দারিদ্র্যের চিত্র। পাশাপাশি এই সীমাহীন অন্ধকারের পরও মুসলিম জনজাতির আত্মোন্নতিতে বিতস্পৃহভাব তাঁকে বিস্মিত করেছে। রোকেয়ার রাজনৈতিক চিন্তার প্রতিফলন দেখা যায় 'কর্মফল' (১৯০৭) সহ বিভিন্ন রচনায়।

রোকেয়া মানসে এমন এক সমাজের স্বপ্ন ছিল যা কোনও ব্যক্তির ধর্মীয় পরিচয়কে ঊর্ধ্বে তুলে ধরে না। তুলে ধরে মানুষকে।[৬]

রোকেয়া উপলব্ধি করেছিলেন সমাজ সংস্কার করতে হলে চাই শিক্ষার বিস্তার।[৭] এই স্ত্রীশিক্ষার অভাবের জন্যই সন্তানের শিক্ষা, পুষ্টিকর আহার, স্বাস্থ্যের অভাব সমাজকে পশ্চাদপদ করেছে।[৮]

তিনি নিজেও প্রতিষ্ঠা করেছেন নারী শিক্ষার জন্য অন্যতম বিদ্যালয় সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল(১৯১১)। কত কিছুর বিনিময়ে কি অপরিসীম ধৈর্য্য ও সমবেদনা ও স্বার্থত্যাগ দিয়ে এই স্কুলকে তিনি রক্ষা করেছেন তার দৃষ্টান্ত আছে তাঁর লেখা পত্রে।[৯]

নারীমুক্তি-সমাজ প্রগতি আন্দোলন ও সমাজের বিরুদ্ধতা

সমাজের উন্নতি বা নারীমুক্তির মতন এত বড়ো একটা সংগ্রাম নির্বিঘ্নে নিরুপদ্রবে কখনই সম্পন্ন হয় না। পুরাতন সমাজকে নাড়া দিতে গেলেই আলোড়ন ওঠে। সমাজ কাঠামো ও কৌলীণ্য ভেঙ্গে যাওয়ার ভয়ে সমাজপতিরা কোলাহল করেন। এই মিথ্যা কৌলীণ্য প্রথার ভড়ঙে প্রগতির কণ্ঠরোধ করতে পিছপা হয় না ধর্মান্ধ গোঁড়া সমাজ। রোকেয়া বহুবার এ বিষয় প্রত্যক্ষ করেছেন। এই দিকটিকেও তাঁর রচনায় উল্লেখ করে গেছেন তিনি। কিন্তু সমাজ যাই বলুক, মুক্তি পথিক কখনও তার দ্বারা বিভ্রান্ত হন না।[১০]

কর্ত্তব্যনিষ্ঠার এই আদর্শ আজীবন রোকেয়া তাঁর নিজের জীবনেও পালন করে এসেছেন যার প্রতিফলন পাই তাঁর রচনায়।

তৃতীয় অধ্যায়

রোকেয়া সমসাময়িক মুসলিম নারীর রচনায় নারী মুক্তি ও সমাজ প্রগতি আন্দোলন

ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে মুসলিম পরিবারের অন্দরমহলে লেখা-পড়ার ঝোঁক বাড়তে থাকে। নবাব ফয়জুন্নেসা, করিমুন্নেসা, খয়রুন্নেসার মতন বলিষ্ঠ নারীর আবির্ভাব মুসলিম সমাজের অন্দরমহলের চিত্রটা বদলাতে সাহায্য করে। এই ধারারই পূর্ণাঙ্গ বিকাশ আমরা পাই রোকেয়ার মধ্যে। রোকেয়া কোনও বিচ্ছিন্ন সত্তা নন। সেকালে মুসলিম সমাজে নিজের জাতি ভাষা সম্পর্কে যে অনুভূতি প্রবল হচ্ছিল, রোকেয়া তাঁর

ব্যক্তিকৃত প্রকাশ। তাই এই পর্বে শুধু রোকেয়াই নন, আমরা আরও বহু মুসলিম লেখিকাকে পাচ্ছি যাঁরা সে যুগের প্রেক্ষিতে অনেকটাই অগ্রণী ছিলেন।

মিসেস এম রহমান (১৮৮৫-১৯২৬)

এম রহমানের লেখায় সে সময়ের নারী মুক্তি চেতনার সুর যেমন প্রবল, তেমনই প্রবল অন্ধতা ও কুসংস্কারবিরোধী মনন। তাঁর লেখা সমসাময়িক পত্রপত্রিকা যেমন- *সহচর*, 'আত্মশক্তি', *মোহাম্মদী ,সওগাত, বিজলী, ধূমকেতু* প্রভৃতিতে প্রকাশিত হয়েছিল। ধর্মের নামে সমস্ত রকমের অবরোধ ও জড়তার বিরোধিতা করে নারী শিক্ষার প্রসারের কথা বলেছিলেন তিনি।[১১] প্রচলিত সমাজ যেভাবে নারীকে গৃহবন্দী করেছে, যেভাবে ঘর কন্নার কাজেই তাঁর মোক্ষ অর্জনের ধারণা তৈরি করেছে, এম রহমান ছিলেন তাঁর ঘোরতর বিরোধী। সমাজে নারীত্বের যে বিধান স্থির হয়েছে তাকে অস্বীকার করে তিনি মনুষ্যত্বের স্বীকৃতি দাবি করেছেন।[১২] ফলে নারীকে বৈবাহিক জীবনেই যাবতীয় স্বার্থকতা খঁজে নিতে হবে এমনটা নয়।[১৩]

বিদ্যাবিনোদিনী নূরুন্নেসা খাতুন(১৮৯৪-১৯৭৫)

বাংলাসাহিত্য আকাশে ধূমকেতুর মত আগমন নূরুন্নেসা খাতুনের। তাঁর রক্ষণশীল পরিবারে বাংলাভাষা ও সাহিত্য চর্চার পরিবেশ ছিল না।[১৪] স্বামীর ঘরে নতুন পরিবেশে তাঁর সাহিত্য জীবন অনুপ্রাণিত হয়েছিল।

'অবরোধ' ও পর্দা প্রথার বিরুদ্ধে তিনি কলম ধরেছেন। যদিও এই সমস্যাকে নিছক ব্যক্তিগত করে দেখেননি তিনি। নারীকে অজ্ঞতার পাঁকে ডুবিয়ে রাখার যে চিরাচরিত সামাজিক বিধি তিনি তাঁর বিরোধিতা করে স্ত্রী শিক্ষার অপরিহার্যতার কথা বলেছেন।[১৫]

ফলে শৈশবে প্রথাগত শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হলেও তৎকালীন সমাজ মননে আধুনিক শিক্ষা ও নারী প্রগতির অভিঘাতে নুরুন্নেসার সাহিত্য আন্দোলিত হয়েছে।

মামলুকুল ফতেমা খানম(১৮৯৪-১৯৫৭)

নারীমুক্তি আন্দোলনে রোকেয়ার(১৮৮০-১৯৩২) অন্যতম সহযোদ্ধা ছিলেন ফতেমা খানম। পর্দার অছিলায় মুসলিম মহিলাদের বন্দী করে মুসলিম সমাজ যে রসাতলে তলিয়ে চলেছেন তা তিনি উচ্চারণ করেছেন তাঁর সাহিত্যে।[১৬]

পর্দা প্রথার যে বাস্তব কোনও ঐতিহাসিক ভিত্তি নেই; তা যে নিছক পুরুষেরই রচনা, তাও তিনি উল্লেখ করেছেন।[১৭] পর্দার সাথে নারীর আত্মসম্মানের যে কোন সম্পর্ক নেই তা তিনি উপলব্ধি করেছিলেন। তিনি যুক্তি করেছেন সমাজের মঙ্গল সাধনে পর্দার প্রয়োজন শুধু নারীর কেন হবে।[১৮] যদিও মুসলিম সমাজ এ ব্যাপারে সচেতন নয়। শিক্ষার প্রসারের মধ্য দিয়ে যে সামাজিকতার পাঠ হয় সমগ্র মুসলিম সমাজ তা থেকে নিজেদের সরিয়ে রেখেছে। সেই কারণে শিক্ষার প্রসারকল্পে তিনি রোকেয়ার সুমহান সমাজ সংস্কার আন্দোলনে অংশ নিয়েছিলেন এবং এই কর্মকাণ্ডে মুসুলিম সমাজের নিস্পৃহতায় তিনি অনুশোচনা করেছেন।[১৯]

খায়েরুন্নেসা (১৮৭৪/৭৬-১৯১০)

স্ত্রীশিক্ষা বিস্তার সম্পর্কে সে যুগে যে আলোড়ন চলছিল তা খায়েরুন্নেসার কলমে জোরালো যুক্তিবোধে আমরা প্রত্যক্ষ করি।[২০] শুধু সামাজিক নয়, আর্থিক কারণেও যে স্ত্রীশিক্ষা ব্যহত হচ্ছে তাও খায়েরুন্নেসার দৃষ্টি এড়ায়নি।[২১]

বৃটিশ পরাভূত ভারতবর্ষের সেকালের মূল রাজনৈতিক চেতনাই ছিল জাতীয়তাবাদ। স্বদেশী আন্দোলনে নারী সমাজকে এগিয়ে আহ্বান জানিয়েছেন তিনি।[২২] খায়েরুন্নেসা ১৯০৫ সালের বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের প্রতি সহমর্মী ছিলেন। জাতি ধর্মের ঊর্ধে উঠে যে জাতীয় চেতনা দেশবাসীকে ঐক্যবদ্ধ রাখতে সহায়ক, তা তিনি উপলব্ধি করতেন। তাই ধর্মের নামে বঙ্গচ্ছেদের পিছনে ইংরেজ সরকারের অভিসন্ধিকে তিনি তুলে ধরেছিলেন।[২৩]

মোসাম্মৎ রাহাতুন্নেসা

রাহাতুন্নেসা *ভারত-মহিলা* পত্রিকায় 'ভারতী' [২৭] (১৯১২) অন্যটি 'খনা'(১৯১২) [২৮] শীর্ষক দুটি প্রবন্ধ লিখেছিলেন। প্রাচীন ভারতে ভারতী এবং খনা ছিলেন বিরাট প্রতিভাসম্পন্ন দুজন মহীয়সী। এই দুজনের প্রতিভা সম্পর্কে বর্ণনা করেছেন এই প্রবন্ধ দুটিতে। এই প্রবন্ধ দুটির সূত্রে প্রাচীন ভারতে নারীদের গৌরবময় ভূমিকার কথা জানা যায়। সেই সাথে নারীদের উপর পুরুষতন্ত্রের দমনের চিত্রটি ধরা পড়ে। এবং নবজাগরণের যুগে সামাজিক অনেক প্রতিকূলতা সত্ত্বেও নারীরা একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে— লেখকের এই রচনা লেখার উদ্দেশ্যটি ধরা পড়ে।

চতুর্থ অধ্যায়

রোকেয়া পরবর্তী মুসলিম নারীর রচনায় ১৯৪৭ সাল পর্যন্ত সময়ের নারী মুক্তি ও প্রগতি আন্দোলন

ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে আধুনিক শিক্ষায় আলোকপ্রাপ্ত বহু মুসলিম মহিলাই মুসলিম সমাজের প্রচলিত রীতি নীতির বিরোধিতা করে মানুষ হিসেবে মানুষের মর্যাদা দাবি করেন। তাঁরা সকলেই স্ত্রীশিক্ষা প্রসারে উদ্যোগ গ্রহণ করেন। নবযুগের বাণীকে সাহিত্য ও সমাজ সংস্কারমূলক কাজের মধ্য দিয়ে পরিচিত করে তোলেন। এই কাজে অনেকটা এগিয়ে ছিলেন বেগম রোকেয়া। যদিও পরবর্তীতে তাঁর চেতনাকে এগিয়ে নিয়ে গেছেন তাঁরই হাতে গড়া মেয়েরা এবং আরও একদল শিক্ষিত মহিলারা।

ফজিলতুন্নেসা (১৯০৫-১৯৭৬)

সমাজ সম্পর্কে ফজিলতুন্নেসা বলেছেন— "জগৎ পরিবর্তনশীল"। ফলে পরিবর্তনশীল জগতের ধ্যান ধারণা,রীতি-নীতি, মূল্যবোধ কোনওটাই স্থায়ী ও স্থানু নয়। তাই নবীন সভ্যতার নতুন চিন্তার অভিঘাতে আধুনিক নারী সমাজকে গড়ে ওঠার জন্য আহ্বান জানান তিনি।[২৪] এই সংগ্রামে নারী জাতির প্রধান হাতিয়ার আধুনিক শিক্ষা। তাই অন্তঃপুর থেকে মুসলিম নারীর মুক্তি আকাঙ্ক্ষা করেছেন তিনি। মুক্তি চেয়েছেন পর্দা

প্রথার অন্ধতা থেকে। নারী পুরুষের সেবাদাসী নয়, সহযোগী। এই উপলব্ধিকে মুসলিম সমাজে প্রসারিত করার উদ্যোগ নিয়েছিলেন তিনি।[২৫]

মাহমুদা খাতুন সিদ্দিকা (১৯০৬-১৯৭৭)

সেযুগের চরম পর্দার অন্তরালে যখন মুসলিম রমণীদের ইহজগতের যাবতীয় আকাঙ্ক্ষা পুরুষতান্ত্রিক সমাজ ও ঐতিহ্যবাদের পদতলে আত্মাহুতি দিচ্ছিল সেই সময় মাননীয়া সিদ্দিকা সেই অবগুণ্ঠনকে ছিন্ন করে অনন্য দৃষ্টান্ত সৃষ্টি করেছিলেন। পরিবারের পক্ষ থেকে বার বছর বয়সে বিয়ে দেওয়া হলেও সেই বিয়েকে অস্বীকার করে তিনি বেরিয়ে এসেছিলেন। সেযুগের অর্থে যা ছিল চরম দুঃসাহসিক কাজ। মুসলিম সমাজের বাল্য বিবাহের এই ঐতিহ্যের বিরুদ্ধে পরবর্তীকালে কলম ধরেছেন তিনি।[২৬]

যদিও এই সমস্যার থেকে মুক্তির কোনও আকাঙ্ক্ষাই মুসলিম সমাজের অন্দরমহলে ব্যপকভাবে আন্দোলিত হয়নি। ধর্মীয় চিন্তার মৌতাতে, পরলোকের পূণ্যার্জনের আগ্রহে ধর্মীয় সমস্ত অযৌক্তিক বিধানকেই তারা মেনে নিয়েছিল। কারণ জীবন সম্বন্ধে মুসলিম সমাজের অন্দরমহলে কোনও আধুনিক ধারণা ছিল না।[২৭]

রাজিয়া খাতুন চৌধুরী (১৯০৭-১৯৩৪)

সেই যুগে আলোক প্রাপ্ত নারী সমাজে পর্দা প্রথার বিরুদ্ধে যে মৌলিক আকাঙ্ক্ষা ছিলো, রাজিয়ার ক্ষেত্রে তা ভিন্ন ছিল না। পর্দা প্রথার অবসান ও নারীর চিন্তা ও ভাবগত স্বাধীনতাই তাঁর লেখার বিষয়বস্তু হয়ে উঠেছিলো। স্বাধীনতা প্রসঙ্গে রাজিয়া মত ছিলো নারীর চিন্তাগত ও ভাবগত স্বাধীনতা।[২৮] এই স্বাধীনতা অর্জন একমাত্র সম্ভব শিক্ষার্জনের মধ্য দিয়ে। নারী পরিবারের পুরুষের সেবাদাসী, এটাই সমাজের বিধান। সতীত্বের মিথ্যে মহিমা দিয়ে ক্রীতদাসী নারীকে মহিমান্বিত করার এই সামাজিক রীতি পুরুষতন্ত্রেরই তৈরি।[৩৪] অথচ নারী সতীত্বের মিথ্যে গৌরবে গৃহবন্দী জীবন যাপন করে চলেছে। রাজিয়া বলেছেন, এ শুধু দাসীবৃত্তি নয়, এ হল— গণিকাবৃত্তি।[৩০]

আছিয়া মজিদ, বি এ

ধর্মীয় অন্ধতা ও পর্দার অবরোধ থেকে ক্রমে মুক্ত হয়ে মুসলিম সমাজের নারীরা যে আধুনিক চিন্তায় কতটা শিক্ষিত হচ্ছিলেন তার একটা আভাস আমরা পাই আছিয়া মজিদের রচনাবলী থেকে। তিনি লিখছেন শিক্ষাঙ্গনে নারী-পুরুষ সাম্যের কথা।[৩১] শিক্ষাঙ্গনে নারীর মানসিক বিকাশের সাথে শারীরিক বিকাশে তিনি গুরুত্ব দিয়েছেন।[৩২] নারীকে গৃহকোণে আবদ্ধ রাখার বিরোধী ছিলেন। শুধু ঘরের কাজেই নয়, সমাজের প্রতিটি কর্মপ্রবাহে নারী কৃতিত্বের স্বাক্ষর রাখতে পারে এই সম্ভাবনাও তিনি দেখেছেন। এই পথেই নারী পূর্ণতায় উত্তীর্ণ হতে পারে।[৩৩]

'নবযুগের শিশু' প্রবন্ধে তাঁর শিক্ষা চিন্তার পাশাপাশি আধুনিক বিজ্ঞান মনস্কতা[৩৪] ও সমাজচিন্তার প্রতিফলন দেখতে পাই। মুসোলিনীর ফ্যাসিবাদী আগ্রাসনের বিরুদ্ধে তাঁর গণতন্ত্রপ্রেমী মনটি ধরা পড়ে।[৩৫]

শামসুন নাহার মাহমুদ(১৯০৮-১৯৬৪)

নবযুগেরর নববাণীর আলোকবর্তিকা নিয়ে বেগম রোকেয়াকে যে মহীয়সীরা অনুসরণ করেছিলেন শামসুন নাহার মাহমুদ তাদের অন্যতম। শৈশবে পরিবারে অবরোধ ও পর্দার কারণে তাঁর স্কুলে যাওয়া বন্ধ করে গৃহশিক্ষক নিয়োগ করা হয়েছিলো। সেখানেও ছিলো পর্দার বাড়াবাড়ি। যার বিরুদ্ধে শৈশব থেকেই তাঁর মন বিদ্রোহী হয়ে ওঠে। তিনি বিএ পাশ করেন। রোকেয়ার সংস্পর্শে আসেন। তাঁকেই পরবর্তী জীবনে আদর্শ করেন শামসুন নাহার। যুক্ত হন নারী মুক্তি আন্দোলনে। যোগ দেন 'নিখিল ভারত মহিলা সম্মেলনে'। নারীর ভোটাধিকারের দাবিতে আন্দোলনে নেতৃত্ব দেন তিনি। লেডি ব্রেবোর্ন কলেজের বাংলা বিভাগের অধ্যাপক হিসাবে যোগ দেন। পাশাপাশি সাহিত্য চর্চা চালিয়ে যান। তাঁর জীবনের ও সেই সময়ের বিপুল কর্মকাণ্ডের চিত্র ধরা পড়ে- 'আমি যখন ছাত্রী ছিলাম'(১৩৫৭),*নজরুলকে যেমন দেখেছি* (১৩৬৫), *রোকেয়া জীবনী* (১৯৫৮), 'নারীর রাষ্ট্রনৈতিক অধিকার'(১৩৪২), 'শিশুর শিক্ষা'(১৩৪০) প্রভৃতি রচনায়।

সুফিয়া কামাল (১৯১১-১৯৯৯)

একজন মুসলিম নারী হিসেবে সুফিয়া কামাল অন্তঃপুরের অন্ধকার দেখেছেন অনেক গভীরে। একবিংশ শতকে জন্মগ্রহণের সূত্রে তৎকালীন নানান সমাজ সংস্কার আন্দোলন বৃটিশ বিরোধী জাতীয়তাবাদী আন্দোলন, শ্রমিক বিপ্লব প্রভৃতি ঘটনার সাক্ষী থেকেছেন তিনি। সংস্পর্শে এসেছেন রবীন্দ্রনাথ(১৮৬১-১৯৪১), নজরুল(১৮৯৯-১৯৭৬), মহাত্মা গান্ধী(১৮৬৯-১৯৪৮), বেগম রোকেয়ার মতন মহান মণীষীর। সেই সময়ে তাঁর জীবনের এই বিচিত্র অভিজ্ঞতার বিবরণ পাই তাঁর আত্মচরিত *একালে আমাদের কাল* (১৯৮৮)[৩৬] গ্রন্থে। এছাড়া ১৯৪৭ সাল পর্যন্ত সময়ে লেখা তাঁর বিভিন্ন গদ্য রচনা চিঠিপত্রে সেই সময়ের সামাজিক আন্দোলন এবং নারীর অবস্থা সম্পর্কে জানা যায়। স্বামীর মৃত্যুর পর বিধবা বলে পরিজন ও সমাজ দ্বারা হয়েছেন চরম লাঞ্ছিতা। তার চিত্র ছড়িয়ে আছে তাঁর ব্যক্তিগত চিঠিপত্রে।

জাহানারা ইমাম(১৯২৯-১৯৯৪)

জাহানারা ইমামের *অন্যজীবন* (১৯৮৫)[৩৭] সেই সময়ের কথা বলে যখন আধুনিক শিক্ষার চিন্তা মুসলিম অন্তঃপুরে প্রবেশ করার একটা পথ করে নিতে পেরেছে। জাহানারা ইমামের বাবা এই পথ করে দিয়েছেন তাঁর মেয়েদের জন্য। এই স্মৃতিকথায় বাবার সেদিনের সেই ভূমিকার কথা অত্যন্ত গুরুত্বের সাথে স্মরণ করা হয়েছে। বাবা তাঁর প্রথম সন্তান জাহানারাকে শিক্ষিত করার জন্য সমাজ পরিবার পরিজনদের সাথে লড়েছেন। জাহানারা নিজেও ক্রমশ পুরনো সেই সামাজিক চিন্তার অসারতা সম্পর্কে সচেতন হয়েছে। পুরাতন চিন্তার বিরুদ্ধে তিনিও তাঁর অবস্থান স্পষ্ট করে মেলে ধরেছেন। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন, বিপ্লববাদ, দ্বিতীয় বিশ্বযুদ্ধ প্রভৃতি বিষয় তিনি দেখেছেন কৈশোরে এবং যৌবনের শুরুতে। সে বিষয়ও ধরা পড়েছে তাঁর লেখায়। আবার কমিউনিজমে বিশ্বাস নিয়ে বাবার সাথে দ্বন্দ্ব উপস্থিত হয়েছে তাঁর— সে বিষয়টিও দেখতে পাওয়া যায়।

পঞ্চম অধ্যায়

১৯৫২-র ভাষা আন্দোলন ও বাঙালি মুসলিম নারীর রচনা

বাঙালি মুসলিম নারীর পদযাত্রায় ১৯৫২ সাল এক অন্যতম পদচিহ্ন। 'বায়ান্ন'র ভাষা আন্দোলন তার মৌলিক পরিবর্তন ঘটিয়ে দিয়েছে। ঘরের অবরোধ ভেঙে বেরিয়ে এসেছে রণক্ষেত্রে। মাতৃভাষার জন্য স্বামীর 'তালাক'ও তার কাছে তুচ্ছ। ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনে মুসলিম নারীর ভূমিকা থাকলেও এমন সর্বব্যাপক ছিল না। প্রকৃতপক্ষে ভাষা আন্দোলন থেকে মুসলমান নারীর জয়যাত্রার সূচনা। জাতির আত্মপ্রতিষ্ঠার সঙ্কটকালে নারীর এ ভূমিকা সামাজিক ক্ষেত্রে তাকে শুধু নারী নয়, মানুষের মর্যাদা দিয়েছে। ১৯৪৭ থেকে ১৯৫৬ পর্যন্ত মাতৃভাষা বাংলার দাবিতে পূর্ব বাংলার অগণিত ছাত্র-ছাত্রী সাধারণ নারী-পুরুষ আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন। রওশন আরা বাচ্চু (১৯৩২-২০১৯), জাতীয় অধ্যাপক সুফিয়া আহমদ (১৯৩২-২০২০), সুফিয়া কামাল (১৯১১-১৯৯৯), সনজিদা খাতুন (১৯৩৩), বেগম হবিবর রহমান ভাষাচেতনায় উদ্বুদ্ধ সেদিনের সংগ্রাম সম্পর্কে লিখেছেন। লিখেছেন ভাষা আন্দোলনে তাঁদের নিজেদের ভূমিকার কথাও।

ভাষা সৈনিক সুফিয়া আহমদ

সুফিয়া আহমদ তাঁর 'ভাষার জন্য আবেগ বাঁধ মানেনি'(১৯৯৭)[৩৮] প্রবন্ধে ভাষা সংগ্রামে সেদিন তাঁর অংশগ্রহণ কেমন ছিল সে সম্পর্কে লিখেছেন। এ প্রসঙ্গে তাঁর লেখা থেকে নারীমুক্তির তৎকালীন প্রেক্ষাপটটিও জানা যায়।

মুসলিম সমাজে তখনও মেয়েদের শিক্ষার অবস্থা ছিল পশ্চাদপৎ। খুব কম অংশেই মেয়েরা শিক্ষার আঙিনায় এসেছে। অধিকাংশ ছাত্রীকে ছাত্রী হস্টেলে থেকে পড়াশুনা করতে হত যাতে বাইরের সাথে তার কোন সংযোগ না থাকে। এমনকি যে মেয়েরা উচ্চশিক্ষার জগতে প্রবেশ করেছে তাদের কাছেও এ বিষয়টি সহজ ছিল না। এমন পরিস্থিতিতে ছেলে—মেয়ে একসাথে মিছিলে বেরুনো এবং পুলিশের মুখোমুখি হওয়া মুসলিম মানস জগতে গুণগত পরিবর্তন আনে। ঐরকম একটি প্রতিকূল পরিস্থিতে মুসলিম মহিলারা রণাঙ্গনে অংশগ্রহণ করেছে। বিরুদ্ধতা শুধু বাইরের নয়। নারীর নিজস্ব

মননের, দীর্ঘদিনের সংস্কার। সামাজিক পরিস্থিতি তার মনের পিছুটান কেটে দেয়। এই কারণে সুফিয়া আহমদ ভাষা আন্দোলন থেকে প্রকৃত নারী জাগরণের সূচনা বলে মনে করেন ।[৪৪]

রাষ্ট্রভাষা বাংলার দাবি ও রওশন আরা বাচ্চু

ভাষা আন্দোলনে ছাত্রাবস্থায় নেতৃত্ব দিয়েছিলেন আর একজন বীরাঙ্গনা রওশন আরা বাচ্চু। তাঁর 'রাষ্ট্রভাষা বাংলা চাই'(২০০৩)[৪০] প্রবন্ধে ঐতিহাসিক ভাষা আন্দোলনের তথ্য সমৃদ্ধ বিবরণ পাওয়া যায়। এই প্রবন্ধে তিনি সেই আন্দোলনে মেয়েদের গৌরবময় ভূমিকাকে গুরুত্ব সহকারে বর্ণনা করেছেন। শুধু তাই নয়, সেদিন ছাত্র, শিক্ষক, রাজনীতিবিদ, সাধারণ মানুষের অবদানকেও স্মরণ করেছেন।

১৯৫২ সালে ২৭ জানুয়ারি বাংলা ভাষা নিষিদ্ধ হওয়ার সরকারী ফরমানে ছাত্রসমাজ ক্ষোভে ফুঁসে ওঠে। 'রাষ্ট্রভাষা বাংলা চাই' এই দাবি নিয়ে ছাত্রছাত্রীরা অভিভাবক শিক্ষকদের যাবতীয় নিষেধাজ্ঞা অগ্রাহ্য করে ঝাঁপিয়ে পড়ে আন্দোলনে। মেয়েদের বাধা অনেক হলেও আন্দোলনের প্রাথমিক স্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে তারা।

২১ ফেব্রুয়ারি গুলি চলার পর ছাত্র আন্দোলন অভূতপূর্ব জন আন্দোলনে ফেটে পড়ে। পাকিস্তানের মন্ত্রী আমলারা লুকিয়ে পড়েন সেনা ক্যান্টনমেন্ট এলাকায়। সরকার আন্দোলন দমাতে সেনাবাহিনী তলব করে। গুলি বর্ষণ, যথেচ্চভাবে গ্রেফতার, শহীদ মিনার ধ্বংস শুরু করে পুলিশ। কিন্তু সে সব উপেক্ষা করে বাঙালির ভাষা চেতনা নিরন্তর প্রবাহিত হয়। তাঁর মতে— জাতীয় ক্রান্তিলগ্নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাই তখন হয়ে উঠেছিল জাতির আশা-আকাঙ্ক্ষার প্রতীক ও তাদের পথপ্রদর্শক।[৪১]

'বায়ান্ন'র ভাষা আন্দোলন প্রসঙ্গে সুফিয়া কামাল

ভাষা সংগ্রাম সম্পর্কে সুফিয়া কামাল তাঁর *একালে আমাদের কাল*[৪২](১৯৮৮) আত্মচরিতে ভাষা চেতনার নির্যাসকে তুলে ধরেছেন। বাঙালিকে ভাষার জন্য এই মরণপণ সংগ্রামে

উদ্বুদ্ধ করল কোন সে চেতনা? জীবনকে আষ্টেপৃষ্টে জড়িয়ে রেখেছে যে ভাষা তাকে ছাড়া জীবন চলে না। তাই বাঙালি গড়ে তোলে নতুন ইতিহাস।

বাঙালির এ ভূমিকা তাঁর কাছে গর্বের; আরও গর্বের নারীর অনন্য ভূমিকা প্রসঙ্গে। মুসলিম মহিলার অবরোধের বাইরে আনার কঠোর সাধনায় নিয়োজিত ছিলেন তিনি। সেই নারী প্রাণের ভয় তুচ্ছ করে মিছিলে অংশগ্রহণ করছে। তাঁর কাছে নারীর এ ভূমিকা তাই পরম তৃপ্তির।

সনজিদা খাতুনের রচনায় ভাষা আন্দোলন

সনজিদা খাতুনের 'একুশ আমাকে ভাষা দিয়েছে'[৪৩] প্রবন্ধ পুর্ব বাংলার বাঙালি মানসের পাকিস্তান নিয়ে স্বপ্ন, স্বপ্নভঙ্গ এবং প্রতিবাদ প্রতিরোধে জ্বলে ওঠার কাহিনি শোনায়। এই প্রবন্ধ সেই মেয়ের কাহিনী যে ভাষার কি মহিমা তা নিয়ে আগে থেকে সচেতন ছিল না। এ প্রবন্ধ সেই মায়ের কাহিনি যিনি আগে বীর ছিলেন না। ১৯৫২-র একুশে ফেব্রুয়ারি তাঁদের সচেতন করেছে, ভাষা দিয়েছে প্রতিবাদী বীর করে তুলেছে। ভয়ের বিরুদ্ধে সে প্রথম ভাষা। যারা নারীর মাতৃ সুলভ কমনীয়তার দোহাই দিয়ে প্রতিবাদ থেকে দূরে সরিয়ে রাখতে চায় এবং অত্যাচারীকে সুরক্ষিত রাখতে চায়— তাদের বিরুদ্ধে সে ভাষা। এই প্রতিস্পর্ধা একজন মায়েরও।

বেগম হবিবর রহমান

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণিতের শিক্ষক হবিবর রহমান ১৯৭১ এর মুক্তিযুদ্ধে শহীদ হন। কবে কিভাবে জানেন না কেউ। এই মহান শিক্ষকের স্মৃতিচারণা করতে গিয়ে তাঁর স্ত্রী বেগম হবিবর রহমান ভাষা আন্দোলন সম্পর্কে তাঁর স্বামীর সমর্থন সম্পর্কে বলছেন। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়ে একজন শিক্ষক হিসাবে ছাত্রদের আন্দোলনের একজন অকুণ্ঠ সমর্থক ছিলেন। শুধু সমর্থকই নন— একজন শিক্ষক হিসাবে এই আন্দোলনে কেন অংশগ্রহণ করতে পারছেন না, ছাত্র ও সাধারণ মানুষের উপর নির্যাতনের প্রতিকার কেন করতে পারছেন না তা নিয়ে সতত চিন্তা করতেন।[৪৪]

এইভাবে ভাষা আন্দোলন হয়ে উঠেছিল মুসলিম নারীকে সমাজের কাছে ও তার নিজের কাছে তাকে প্রতিষ্ঠিত করার পরীক্ষা। পরীক্ষার প্রথম ধাপ সে সফলভাবে উত্তোরিত হতে পেরেছে জয়ী হয়েছে সে। আত্মত্যাগে, যুদ্ধযাত্রায় তার অংশও কম নয় – এ তারা প্রতিষ্ঠিত করতে পেরেছে। শক্তি সঞ্চয় করেছে ভবিষ্যতে গণতান্ত্রিক আন্দোলনকে শক্তিশালী করে গড়ে তোলার। প্রস্তুত হয়েছে মুক্তিযোদ্ধা হিসাবে নিজের নারীত্ব ও মানবিক সত্তাকে বিকশিত করবার কাজে।

ষষ্ঠ অধ্যায়

বাঙালি মুসলিম নারীর রচনায় পূর্ব বাংলার সমাজ ও নারী আন্দোলন (১৯৪৭-১৯৭০)

উনিশশো সাতচল্লিশের ভারত বিভক্তির পর পূর্ববাংলাবাসীর সামাজিক, রাজনৈতিক জগতে নতুন রূপরেখা তৈরী হয়। অখণ্ড ভারতবর্ষে যাঁরা নিজেদের উদ্বৃত্ত ভেবে পৃথক দেশ পাকিস্তানের দাবি করেছিলেন— তাঁদের কাছেও ধর্ম ও সংস্কৃতির মধ্যে অদ্ভুত দ্বন্দ্ব দেখা দিল। কারণ— ধর্ম যাই হোক শাসকের চরিত্র এক। তাকে চিনতে গিয়ে বাংলার মানুষ আগে বাঙালী হয়েছেন পরে মুসলমান। এই পরিচয়ই ১৯৪৭ পরবর্তী সময় থেকে ১৯৭১ এর মুক্তিযুদ্ধের আগে পর্যন্ত পূর্ববঙ্গবাসীকে নানান প্রতিবাদ কর্মসূচিতে জড়িয়ে রেখেছিল। এই সময় নারীও ধীরে ধীরে অনেক কিছু আবরণ ভেদ করে বাঙালি পরিচয়কে সাথে নিয়ে শিক্ষা সাংস্কৃতিক রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করেছে। যদিও মৌলবাদী এক শাসনামলে তা সহজ ছিল না মোটেই। কিন্তু স্বৈরাচারী মৌলবাদী শাসনের পাষাণভার আলগা করতে নারীও অংশগ্রহণ করেছেন রাস্তায় নেমে আবার অন্তঃপুরে থেকেও। এই সময়কে যাঁরা প্রত্যক্ষ করেছেন তাঁদের লেখা নিয়ে সমাজ প্রগতির আন্দোলন ও তার নিজস্ব মুক্তির দাবি নিয়ে সংগঠিত আন্দোলনের সেই সময়ের গতিপথকে ধরতে চাওয়া হয়েছে। সুফিয়া কামাল(১৯১১-১৯৯৯), মালেকা বেগম(১৯৪৪), নবুয়াত ইসলাম পিনকি(১৯৪৪), সনজিদা খাতুন(১৯৩৩), কোহিনূর হোসেন সেই দিনের প্রত্যক্ষ অভিজ্ঞতা তুলে ধরেছেন তাঁদের লেখায়।

সুফিয়া কামাল

সুফিয়া কামাল আমৃত্যু সামাজিক সাংস্কৃতিক আন্দোলনের একজন যোদ্ধা। তিনি নিজে যেহেতু ছিলেন একজন সমাজ সংস্কৃতি আন্দোলনের কর্মী তাই সেই সময়ের প্রতিটি গণতান্ত্রিক আন্দোলনে সাংস্কৃতিক কর্মকাণ্ডে ছিলেন আন্তরিকভাবে যুক্ত। তাতে অনেক সরকারি বাধার সম্মুখীন হয়েছেন। কিন্তু তাঁকে সত্যের পথ থেকে টলানো যায় নি। দেশের শিশু, মহিলা, যুবক সবাইকে দেশের সামাজিক সাংস্কৃতিক আন্দোলনের অংশীদার করেছেন। প্রথম সারিতে থেকে নেতৃত্ব দিয়েছেন সামরিক শাসনের বিরুদ্ধে ১৯৬৯ সালের উত্তাল গণ অভ্যুত্থানের। ১৯৭০ এর নভেম্বর ডিসেম্বরের ভয়ঙ্কর সামুদ্রিক জলোচ্ছ্বাসে মানুষের কাতারে মৃত্যুর কথা, সুধী সমাজের ত্রাণ বন্টনে উল্লেখযোগ্য ভূমিকার কথা তিনি লিখছেন। তাঁর *একালে আমাদের কাল* (১৯৮৮) *একাত্তরের ডায়েরী* (১৯৮৬) গ্রন্থে তাঁর সেই বহুবিস্তৃত কর্মকাণ্ডের সাক্ষ্য বহন করে।

মালেকা বেগম

মালেকা বেগম সামাজিক রাজনৈতিক একজন বিশিষ্ট কর্মী হিসাবে বিভিন্ন আন্দোলনে নারীর ভূমিকার কথা, নারীর সমস্যার কথা অনেক কাছ থেকে দেখেছেন। ১৯৪৭এর স্বাধীনতা পরবর্তী সামাজিক রাজনৈতিক আন্দোলনে, নারীমুক্তি আন্দোলনে বাঙালি নারীর ভূমিকা নিয়ে লিখেছেন— *বাংলার নারী আন্দোলন* (১৯৮৯), *নারীমুক্তি আন্দোলন* (১৯৮৫), *মুক্তিযুদ্ধে নারী* (২০১১) প্রভৃতি গ্রন্থে।

স্বাধীনতা পরবর্তীকালে মৌলবাদী সরকার প্রথমেই নারী শিক্ষা, সংস্কৃতিচর্চা, নারীর প্রকাশ্যে বিচরণ করা সহ গণতান্ত্রিক অধিকার খর্ব করার চক্রান্তের বিরুদ্ধে, নারীর ভোটাধিকার, স্বনির্ভরতা অর্জনের লক্ষে মহিলাদের অদম্য লড়াইয়ে জয়যুক্ত হওয়ার পরিচয় পাই।[৪৫]

পরবর্তীকালে সামরিক শাসনের বিরুদ্ধে, দাঙ্গা প্রতিরোধে, গণ অভ্যুত্থানে, সাধারণ নির্বাচনে, ভয়ঙ্কর সামুদ্রিক ঝড় ও বন্যায় সমাজের সর্ব স্তরের মহিলাদের অনন্য ভূমিকার বিস্তৃত তথ্য পাওয়া যায় গ্রন্থগুলিতে।

এই সমগ্র সময়ে নারীর অংশগ্রহণে পিছিয়ে থাকা নিয়ে লেখক এক অনন্য সাধারণ মূল্যায়ণ করেছেন। এর কারণ নারীর দীর্ঘদিনের অবোরোধের সাথে স্বৈরাচারী শাসকের আইন এবং সমাজ মননের দীর্ঘদিনের সংস্কার।[৪৬] তবে তাঁদের আন্তরিক তৎপরতা ও অকুণ্ঠ সমর্থন পরবর্তী অধ্যায়— মুক্তিযুদ্ধে 'ঘরে ঘরে দূর্গ গড়ে তোলার' কাজে প্রস্তুত হয়েছে।[৪৭]

নবুয়াত ইসলাম পিনকি

নবুয়াত ইসলাম পিনকি দুটি স্মৃতিকথা— 'অরুণোদয়ের দিনগুলি: উইমেন্স হল থেকে রোকেয়া হল'(২০২০, জানু ৩০) ও '৬৪-এর দাঙ্গায় রোকেয়া হলের ভয়ার্ত রাত'(১৭ মে, ২০১৯artbdnews.com)

নবুয়াত ইসলাম পিনকির এই দুটি প্রবন্ধের সূত্রে জানা যায় দেশ ভাগের ফলে উদ্বাস্তু মানুষের চরম সংকটের কথা। জানা যায় সেই সময়ের মেয়েদের কঠিন নিয়মে বাঁধা আবাসিক জীবনের চিত্র। দেখতে পাই দেশ নির্বিশেষে সংখালঘু সম্প্রদায়ের মানুষের জীবম্মৃত হয়ে বাঁচার কাহিনী। আবু হেনা মোস্তফা কামাল স্যারের তন্ময় হয়ে বৈষ্ণব পদাবলী পড়ানোর কথায় তখনকার অসাম্প্রদায়িক চেতনার নাড়টি ধরা যায়। প্রাপ্তি হয় তখন ঢাকাকে কেন্দ্র করে ছাত্র রাজনীতির গতিপ্রকৃতি। শাসকের নৃশংস বিভাজনের রাজনীতির বিরুদ্ধে দলমত নির্বিশেষে ছাত্র ছাত্রীরা একত্রিত হয়েছে। দেখছি ইডেন কলেজের সহ অধ্যাপক রোকেয়া কবীরের অসম সাহসী পদক্ষেপ। অনুভব করা যায় এদেশের মানুষের অশেষ দেশপ্রেমের কথা।

কোহিনূর হোসেন

কোহিনূর হোসেন, তাঁর স্বামীর স্মৃতিচারণায় আগরতলা ষড়যন্ত্র মামলার(১৯৬৯) কথা উল্লেখ করেছেন।[৪৮] এই মামলায় প্রকৌশলী তৎকালীন পাকিস্তান নৌবাহিনীর কর্মকর্তা লেফটেন্যাণ্ট কমান্ডার মোয়াজ্জেম হোসেন ছিলেন এই মামলার প্রধান অভিযুক্ত। তিনি নৌ বাহিনীর মধ্যে অভ্যুত্থানের বিরাট পরিকল্পনা করেন।

কোহিনূর হোসেনের এই লেখা থেকে মুক্তিযুদ্ধের সম্ভাবনাময় রূপরেখাটি বোঝা যায়। ১৯৬৯সাল— মহিলা শ্রমিক বুদ্ধিজীবীদের প্রকাশ্য জঙ্গী আন্দোলন। অন্যদিকে সেনাবাহিনীতে সশস্ত্র অভ্যুত্থানের পরিকল্পনা। সব মিলিয়ে অগ্নিগর্ভ পূর্ব বাংলা। এই রকম সব ধরণের উত্তাপ মিলতে মিলতে বাঙালিকে পৌঁছে দিয়েছিল মুক্তিযুদ্ধের স্বপ্নে।

সনজিদা খাতুন

সনজিদা খাতুন পূর্ববঙ্গের সংস্কৃতি রক্ষায় নিবেদিত এক প্রাণ। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা ভাষা রক্ষার জন্য সোচ্চারে ফেটে পড়েছিল তা আজও বলিষ্ঠ কণ্ঠে ধ্বনিত হয়ে চলেছে। পাকিস্তান শাসকের তীব্র মৌলবাদী আগ্রাসনের ফলে বাংলাভাষা ও বাংলার সংস্কৃতি চর্চা হয়ে পড়েছিল দেশদ্রোহীতার সামিল।[৪৯] এর বিরুদ্ধে পূর্ববঙ্গবাসীর মনে নিজস্ব ভাষা সংস্কৃতি রক্ষার জন্য এক অদম্য আশা জন্মেছিল। বিশেষ করে শহুরে মধ্যবিত্ত উচ্চবিত্ত আধুনিক শিক্ষায় শিক্ষিত আগে এগিয়ে এসেছিলেন সংস্কৃতি রক্ষায়। স্বাধীনতার পর থেকে সরকারের পক্ষ থেকে বাংলার সংস্কৃতিকে ধ্বংসের একের পর এক আক্রমনের বিরুদ্ধে নিরলস ধারাবাহিক সাংস্কৃতিক আন্দোলনের বিবরণ পাওয়া যায় তাঁর 'আমাদের সঙ্গীত সংস্কৃতির আন্দোলন', 'বাংলাদেশের সংস্কৃতির চড়াই উৎরাই' 'দুটি বাইশে শ্রাবণের স্মৃতি' প্রবন্ধগুলিতে।

রবীন্দ্রনাথ বাঙালির স্বাধীকার প্রতিষ্ঠার অন্যতম প্রধান অবলম্বন রূপে পূর্ববাংলার মাটিতে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়েছেন।[৫০] ঐতিহ্যকে ভুলিয়ে দেবার চেষ্টাকে প্রতিহত করতে হলে ঐতিহ্য স্মরণের আয়োজন জরুরী। সেইজন্যই বৈরী পরিস্থিতিকে মোকাবিলা করার জন্য গান হয়ে উঠল উজ্জীবনী মন্ত্র।[৫১]

সপ্তম অধ্যায়

বাংলাদেশের মুক্তিযুদ্ধে নারীর অবস্থান : বাঙালি মুসলিম নারীর রচনায়

মুক্তিযুদ্ধ বাংলার নারীর অবস্থানকে সমূলে নাড়া দিয়েছে। তার এ অবস্থান সমসাময়িক বিশ্বে ও আবহমান কালের ইতিহাসে বিরল। বাঙালি নারী এক ধাক্কায় নিজের অন্তরকে বাইরে এনেছে এবং বাইরের টানাপোড়েনকে নিয়ে গেছে অন্দরে। ১৯৭১এর সেই নয়

মাসে দেশের মর্যাদা রক্ষায় ত্রিশ লক্ষের বেশি শহীদের প্রাণের বিনিময়ে ও দু লক্ষেরও বেশি নারী তার সম্মান বিনিময় করে এনেছে স্বাধীনতা। এসেছে স্বাধীন বাংলাদেশ। ফেলে গেছে লাখো স্বজনহারার কান্না। দান করে গেছে একইসাথে নারী মুক্তির বহুদিক বিস্তৃত সম্ভাবনা আর বঞ্চনা, অবমাননার ইতিহাসকে। সে ইতিহাস লেখা আছে জাহানারা ইমাম (১৯২৯-১৯২৪), সুফিয়া কামাল (১৯১১-১৯৯৯), পান্না কায়সার(১৯৪৭), রাবেয়া খাতুন (১৯৩৫), মুশতরী শফী (১৯৩৮), মালেকা বেগম(১৯৪৪) নীলিমা ইব্রাহিম (১৯২১-২০০২), সেলিনা হোসেন(১৯৪৭) বেগম মাসুমা চৌধুরী, সুলতানা রহমান, রোকেয়া বানু, শেখ সালমা নার্গিস,সারা আরা মাহমুদ, জেসমিন সাদিক, যেবা মাহমুদ, মারুফা হাসিন, শামসুন্নাহার আজিম, মিলি রহমান, শাহজাদী বেগম, ডাঃ জাহানারা রাব্বী, ঝর্ণা জাহাঙ্গীর, কাজী তামান্না, আরশেদা বেগম রীনা, সেলিনা খাতুন, মকবুলা মঞ্জুর, সেলিনা আখতার জাহান, ফিরদৌসি প্রিয়ভাসিনী প্রমুখের রচনায়।

মা

ঘোমটার আড়ালে থাকা বাঙালি মায়ের চির পরিচিত আদলকে বদলে দেয় মুক্তিযুদ্ধ। সন্তানের উজ্জ্বল ভবিষ্যৎ ছিল। বিদেশে পড়বার হাতছানি ছিল। ছিল চাকরি করে স্বামী পরিত্যক্ত দুঃখী দরিদ্র মায়ের দুঃখ মোচনের স্বপ্ন। কিন্তু সে স্বপ্নের রূপান্তর ঘটে। গর্ভধারিনী আর, দেশ জননী এক হয়ে যান।

সন্তান

মুক্তিযুদ্ধের স্মৃতিতে সন্তানরা তাঁদের বাবা মা হারানোর অসীম যন্ত্রণাকে তুলে ধরেছেন। অনেক সন্তান তার বাবাকে দেখেনি। বাবার সাথে আলাপ ছবিতে।[৫২] তাই ভেবেছে- বাবা ছবির মত, মানুষের মত নয়।[৫৩] আর যেসব মেয়েরা বাবাকে কাছে পেয়েছে। তারা আজও ভাবে- এই বোধহয় বাবা আদরের মেয়ের আদুরে নামটি ধরে ডাক দিয়ে কোলে তুলে নেবে। সন্তানরা বাবার সেদিনের সেই প্রতিবাদী চেতনার আগুন জালিয়ে রাখে তাদের মনে। বাবার মত বীর হওয়ার প্রেরণা জাগে।

স্ত্রী

প্রিয়তম মানুষটি দিয়ে ঘেরা নিরাপদ আশ্রয় চলে যাওয়া, তার সাথে সন্তানদের লালন পালন, তাদের সুরক্ষিত রাখা। আর প্রিয়তমের নৃশংস হত্যার স্মৃতি বহন করে ক্রমাগত ক্ষত বিক্ষত হওয়া। কিন্তু নিজের যন্ত্রণা উদযাপনের মধ্য দিয়েই শহীদের স্ত্রীরা জীবন জীবন অতিবাহিত করতে পারেন নি। নিজেকে মিলিয়েছেন আরও হাজার শহীদের স্ত্রী, সন্তানের দুঃখের সাথে। তাদের দুর্দশা ঘোচানোর জন্য সামিল হয়েছেন।[৫৪] তাঁদের স্মৃতির পাতায় উথলে ওঠে সেই প্রিয় মানুষদের অপার দেশপ্রেম আর অসীম সাহসের কাহিনি।

বোন, দিদি

মুক্তিযুদ্ধে বাঁধন কেটে গেছে কত শত ভাই বোনের সম্পর্কের। কাজী তামান্না, আরশেদা বেগম রীনা, সেলিনা খাতুন লিখছেন তাঁদের সেই ভাইদের বীর গাথার কথা।

বন্ধু, সহকর্মী

সামাজিক ঐতিহ্যের বিরুদ্ধে গেলে বাঙ্গালী মেয়ের কি অবস্থা হয় তার প্রতীক সেলিনা পারভিন, মেহেরুন্নেসাদের মৃত্যু। মালেকা বেগম, মকবুলা মঞ্জুর লিখছেন এঁদের সেই অসম সাহসী বন্ধুর কথা। নীলিমা ইব্রাহীম লিখছেন, প্রিয় শিক্ষক ও সহকর্মী জ্ঞান তাপস সন্তোষ ভট্টাচার্য সহ অন্যান্য সহকর্মীর নির্মম মৃত্যুর কাহিনি।

মুসলমানের ছেলে হিন্দুর দেব দেবীর প্রতিমা কেন গড়বে! এই ধর্ম মোহেই নিহত হতে হয় শিল্পী শহীদ আবদুর রশিদ সরকারকে। সেলিনা আখতার জাহান সবার বন্ধু এই শিল্পী মানুষটিকে স্মরণ করেছেন।

প্রৌঢ়া, বৃদ্ধা

মুক্তিযুদ্ধ প্রৌঢ়া-বৃদ্ধাদের ঈশ্বর সাধনায় মগ্ন থাকতে দেয়নি। তাঁদেরকেও এনে ফেলেছে লড়াইয়ের ময়দানে। ভিখারিনী কখনও পাগলিনীর বেশে ঘুরে ঘুরে মুক্তিযোদ্ধাদের মধ্যে সংবাদ দাতার কাজ করেছেন। যে সব প্রৌঢ়া যুদ্ধে অংশ গ্রহণ করেন নি; বয়সের

কারণেই নিজেদের নিরাপদ ভেবেছেন, তাঁরাও রেহাই পাননি। ধর্ষিতা হয়েছেন অত্যাচারী পাক সেনাদের হাত থেকে ।

যোদ্ধার বেশে

যোদ্ধার বেশে সে পুরুষের সাথে মুক্তিযুদ্ধে নেতৃত্ব দিয়েছে। আলেয়া বেগম, শিরিন বানু মিতিল, আলমতাজ ছবি, মেহেরুন্নেসা মিরা, হালিমা খাতুন, তারামন বিবি, বীথিকা বিশ্বাস, শিশির কণারা ছিলেন এই সব অসম সাহসী নারী যোদ্ধাদের প্রতিনিধি।

সেবিকা

